

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী সিলেট জেলার সিলেট সদর উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী
উপসচিব।

(১৩০৭)

মূল্য : ৪.০০ টাকা

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯-এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা : সিলেট,

উপজেলা : সিলেট সদর।

ক্রমিক নং	গেজেটের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটে ভুলের বিবরণ ও সংশোধন
১	২	৩	৪
১	৫ এপ্রিল, ২০১২ খ্রিঃ	৮০৫১	২০০নং ক্রমিকে ৬ নং কলামের ‘৫৬৩৬’ এর স্থলে ‘৫৪৩৬’ হবে।
২	ঐ	৮০৪৯	১৮৭নং ক্রমিকে ৯ নং কলামের ‘০.০৩৮৭’ এর স্থলে ‘০.৩০২৫’ হবে।
৩	৪ অক্টোবর ২০১২	৮০৬৪	২নং ক্রমিকে ৫নং কলামে ২৫৭ দাগের স্থলে ২৫৬ হবে
৪	ঐ	৮০৬৪	২নং ক্রমিকে ৬নং কলামে ৮৩৮ ,৮৩৯ দাগ বাদ যাবে

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd